



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল
হোমনা, কুমিল্লা।

www.dls.homna.comilla.gov.bd



স্মারক নং-৩৩.০১.১৯৫৪.০০০.২০.০০১.২০.২৩১

তারিখঃ-২৯/০৮/২০২২ খ্রিঃ।

অফিস আদেশ

জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর আওতায় দপ্তরের সরকারি যানবাহনের যথাযথ ব্যবহার নিশ্চিত করণের লক্ষ্যে নিম্নে প্রদত্ত নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করার জন্য উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, হোমনা, কুমিল্লা এর আওতাধীন সকল কর্মকর্তা/ কর্মচারীকে নির্দেশ প্রদান করা যাচ্ছে

- ১) সরকারি যানবাহনের যথাযথ নিরাপত্তা নিশ্চিত করতে হবে।
- ২) লগবই যথাযথভাবে লিপিবদ্ধ করণ ও হালনাগাদ রাখতে হবে।
- ৩) গাড়ি নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্নতা রাখতে হবে এবং যথাসময়ে সার্ভিসিং নিশ্চিত করতে হবে।
- ৪) সরকারি যানবাহন প্রকল্প প্রদত্ত নির্দেশনা মোতাবেক দাপ্তরিক কাজে ব্যবহার নিশ্চিত করতে হবে।
- ৫) সরকারি যানবাহন স্ব স্ব অধিক্ষেত্রে ব্যবহার ও সংরক্ষণ নিশ্চিত করতে হবে।
- ৬) দাপ্তরিক কাজে অধিক্ষেত্রের বাহিরে নিজ জেলার মধ্যে গাড়ি ব্যবহারের ক্ষেত্রে জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা এবং জেলার বাহিরে বিভাগের মধ্যে ব্যবহারের ক্ষেত্রে বিভাগীয় পরিচালক মহোদয়ের অনুমতি গ্রহণ করতে হবে।
- ৭) সরকারি বিধি মোতাবেক জ্বালানী ব্যবহার করতে হবে।
- ৮) গাড়ির সকল ডকুমেন্টস সমূহ যথাযথ সংরক্ষণ এবং সময়মত হালনাগাদ করতে হবে।
- ৯) গাড়ি ব্যবহারে উচ্চগতি পরিহার (সর্বোচ্চ গতিবেগ ঘন্টায় ৮০ কি.মি. এর অধিক নয়) এবং সাবধানতার সাথে ব্যবহারের জন্য গাড়ির ড্রাইভারকে নির্দেশনা প্রদান জন্য করা হচ্ছে।
- ১০) অননুমোদিত ব্যবহার এবং গাড়িতে নিষিদ্ধ পণ্য পরিবহন করা হলে স্ব স্ব কর্মকর্তা/ কর্মচারী ব্যক্তিগত ভাবে দায়ি থাকবেন। এ ব্যাপারে সর্বোচ্চ সতর্ক থাকার জন্য বলা হল।

২৯/০৮/২০২২

(মোহাম্মদ জায়নাল আবেদীন)

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা

হোমনা, কুমিল্লা।

টেলিফোন-০২৩৩৪৪০৬৮১৪

মোবাইল নং-০১৩২৪২৯০৭৯৯

ই-মেল- ulohomna@gmail.com

সদয় জ্ঞাতার্থে অনুলিপি:

- ১। পরিচালক, বিভাগীয় প্রাণিসম্পদ দপ্তর, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
- ২। জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, কুমিল্লা।
- ৩। ভেটেরিনারি সার্জন, হোমনা, কুমিল্লা।
- ৪। প্রাণিসম্পদ সম্প্রসারণ কর্মকর্তা, হোমনা, কুমিল্লা।
- ৫। জনাব-----, SALO/VFA/ AI / অফিসসহকারী কাম মুদ্রাঃ
কম্পিউটার অপারেট / LFA CEA/ ড্রেসার, অত্র অফিস, হোমনা, কুমিল্লা।
- ৬। অফিস কপি।